

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ২৩, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা
(আবগারি)
বিশেষ আদেশ

তারিখঃ ০৮ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ / ২৩ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

বিশেষ আদেশ নং-১২/আবগারি/২০১৭—যেহেতু, বিমান টিকিটের ক্ষেত্রে আবগারি শুল্কের নূতন হার গত ১ জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইয়াছে, কিন্তু সরকার নির্ধারিত হজ্জ প্যাকেজের মূল্য বিশেষভাবে বিমান টিকিটের খরচ বাবদ টাকার অংক নির্ধারণ করা হইয়াছিল গত ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য প্রযোজ্য আবগারি শুল্কের পরিমাণকে বিবেচনায় লইয়া; এবং

যেহেতু, ইতোমধ্যে হজ্জ ব্যবস্থাপনায় নিয়োজিত বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক পূর্বতন হারে আবগারি শুল্ক সংগ্রহ করা হইয়াছে এবং এই কারণে অতিরিক্ত পরিমাণ আবগারি শুল্ক পরিশোধের বিষয়ে জটিলতার উদ্ভব হইয়াছে;

সেহেতু, Excise and Salt Act, 1944 (Act No. I of 1944), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত এর section 12A (2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উক্ত Act এর FIRST SCHEDULE এর PART-II এর SERVICE এর টেবিলের কলাম (১) এর Service Code E033.00 এর বিপরীতে কলাম (২) এ বর্ণিত সেবার ক্ষেত্রে পবিত্র হজ্জ, ২০১৭ পালনের উদ্দেশ্যে সৌদি আরব গমনকারী হজ্জযাত্রীদের বিমান টিকিটের উপর হইতে কলাম (৩) এ বর্ণিত আবগারি শুল্ক সেই পরিমাণ ১০০০ টাকার অতিরিক্ত হয় সেই পরিমাণ আবগারি শুল্ক এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান
চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(৭৯৩৫)

মূল্য : টাকা ৪.০০